

বিসিএস শিক্ষা ক্যাডার
সিলেকশন গ্রেড
পেলেন ১৮৯৭
সহকারী অধ্যাপক

যুগান্তর রিপোর্ট

বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারের ১ হাজার ৮৯৭ জন সহকারী অধ্যাপক পদার্থের কর্মকর্তাকে পঞ্চম গ্রেডে সিলেকশন গ্রেড মঞ্জুর করেছে সরকার। বৃহস্পতিবার এ বিষয়ে আদেশ জারি করেছে শিক্ষা মন্ত্রণালয়। আদেশটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে

(www.moedu.gov.bd) পাওয়া যাচ্ছে। এতে বলা হয়, শর্তপূরণ করায় উল্লিখিত কর্মকর্তারা ২০০৯ সালের জাতীয় বেতন স্কেলের পঞ্চম গ্রেডে (২২,২৫০-৯০০×১০-৩১,২৫০) সিলেকশন গ্রেড পাবেন।

৮ম পে-স্কেলে সরকারি কর্মকর্তাদের সিলেকশন গ্রেড বাতিল করা হয়েছে। তবে বৃধবার তিনি বলেছেন, পে-স্কেলের গেজেট জারি না হওয়া পর্যন্ত সিলেকশন গ্রেড দেয়া যাবে।